বিয়ের আসরেই বরকে তালাক দিলেন

- কনে

বিয়েবাড়িতে খাবারে মাংস কম পড়তেই ক্ষিপ্ত বরপক্ষ। এ নিয়ে কথা কাটাকাটির একপর্যায়ে হাতাহাতি গড়ায় প্যান্ডেল ভাঙচুরে। এরপর সব মিটমাটের দিকে এগোলেও বেঁকে বসেন কনে। বিয়ে হতে না হতেই বরপক্ষের চরম অভদ্রতায় বিয়ের আসরেই তৈরি হয় ‘তালাকপত্র’। বিয়ের পর নতুন সংসার করার আগেই বিয়ে ভাঙলেন পাত্রী।

অবাক লাগলেও, রুপালি পর্দার মতো এমনই এক ঘটনা সম্প্রতি ভারতের পশ্চিমবঙ্গের পূর্ব বর্ধমানের গলসির বাহিরঘন্না গ্রামে ঘটেছে। যা শুনতে সিনেমার গল্প বলে মনে হলেও, বাস্তবে এমনই সিদ্ধান্ত নিলেন নববধূ। তার কথায়, যারা সামান্য মাংসের জন্য বিয়েবাড়িতে এমন হুলুস্থুল কাণ্ড ঘটাতে পারে, আর যা-ই হোক তাদের বাড়ির বউ হতে পারব না।

জানা গেছে, ঘটনার দিন গলসির বামুনাড়া গ্রামের বাসিন্দা বর প্রায় ৭০ জন বরযাত্রী নিয়ে দুপুরে মেয়ের বাড়ির এলাকায় দুপুরে মসজিদে বিয়ে করতে আসেন। কনের বাবা পেশায় দিনমজুর হলেও, মেয়ের বিয়ের জন্য যথাসাধ্য আয়োজন করেছিলেন। সব কিছুই ঠিকঠাক হচ্ছিল। তবে বরপক্ষ খেতে বসতে না বসতেই উত্তপ্ত হয়ে ওঠে বিয়ের আসর।

এদিকে কনের এমন সিদ্ধান্তে প্রথমে কিছুটা চিন্তায় পড়লেও, পরে তাতেই সম্মত হন পাত্রীর বাবাও। তার কথায়, ‘প্রথমে কিছুটা দ্বিধায় থাকলেও পরে মেয়ের সিদ্ধান্তকেই সম্মান জানাই। ওই বাড়িতে গেলে ও কিছুতেই ভালো থাকতে পারত না।’ শুধু পাত্রীর বাবাই নয়, আশপাশের অনেকেই তার এই সিদ্ধান্তকে সমর্থন জানিয়েছেন।

কুতুবপুর ইউনিয়ন ছাত্রকল্যান

পরিষদের পক্ষথেকে ভাষা সৈনিক প্রতি শ্রদ্ধা নিবেদন

অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে কুতুবপুর ইউনিয়ন ছাত্রকল্যান পরিষদের উদ্যোগে মেহেরপুর জেলার ভাষা সৈনিক মোঃ গোলাম কাওছার এর প্রতি শ্রদ্ধা নিবেদন করে এবং ক্রেস প্রদান করা হয় । এ সময় উপস্থিত ছিলেন সংস্থার সভাপতি রাহিদুজ্জামান জাহিদ ঢাকা কলেজ, সাধারন সম্পাদক ফেরদৌস হোসেন ও উপদেষ্টা ওমর ফারুক ঢাকা বিশ্ববিদ্যালয়, সদস্য পিয়াল, বাদশা খাঁন সহ আরো অনেকে সেখানে ছিলেন।

মঙ্গলবার দুপুরে ভাষাসৈনিক গোলাম কাওছারের বাসভবনে গিয়ে তাদেরকে ফুলেল শুভেচ্ছা ও ক্রেস দেওয়া কুতুবপুর ইউনিয়ন ছাত্রকল্যান সদস্যরা । কুতুবপুর ইউনিয়ন ছাত্রকল্যান পরিষদের সকল সদস্য ভাষা সৈনিকের বাসভবনে গিয়ে বেশ কিছুক্ষণ অবস্থান করেন ভাষা সৈনিকের শারীরিক অবস্থার খোঁজখবর নেন। পরে তাদেরকে ফুলেল শুভেচ্ছা ও ক্রেস প্রদান করা হয়।

দামুড়হুদায় চেয়ারম্যান প্রার্থী’র দেওয়া টিন নিয়ে নিলেন আ. লীগ নেতার পুত্রবধু

দামুড়হুদায় চেয়ারম্যান পদপ্রার্থী’র হয়রতের দেওয়া অসহায় পরিবারের টিন নিয়ে গেলেন আ. লীগ নেতার পুত্রবধু।
জানা গেছে, দামুড়হুদা উপজেলা সদরের চিৎলা গ্রামের অসহায় দিনমজুর আঃ রব তার দু’চালা টিনের ঘরে কষ্টের সাথে বসবাস করে আসছেন কৃষক দম্পতি। দিনমজুর দম্পতির এমন কষ্টের খবর হয়রত আলী জানতে পেরে তিনি ব্যক্তিগত তহবিল থেকে অসহায় পরিবার ঘর মেরামত করার জন্য আঃ রবের বাড়িতে গিয়ে তার গৃহবধূ নিকট ১ বান টিন তুলেদেন।
গ্রাম বাসীর মাধ্যমে জানা যায়, চেয়ারম্যান পদপ্রার্থী হয়রত আলী

আলমডাঙ্গায় হোটেল ব্যবসার আড়ালে ইয়াবা ব্যবসা আটক-১

আলমডাঙ্গায় সবার চোখ ফাঁকি দিয়ে হোটেল ব্যবসার আড়ালে ইয়াবা ব্যবসা। গোপন সংবাদের ভিত্তিতে প্রায় ৯শ ৬৫ পিস ইয়াবাসহ এনামুলকে আটক করেছে র্যাব।
গতকাল সোমবার বিকেল ৩ টার দিকে ওসমানপুর বাজার থেকে তাকে আটক করে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার হারদি ইউনিয়নের আব্দুর রাজ্জাক ওরফে রাইফেলের ছেলে এনামুল দীর্ঘদিন যাবৎ হোটেল ব্যবসা করে আসছিলো। ইতো মধ্যে হোটেল ব্যবসায় ঝণ গ্রস্ত হওয়ায় গোপনে শুরু করে বিভিন্ন মাদক ব্যবসা।

কুষ্টিয়া র্যাব -১২ এর টিম গোপন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গার ওসমানপুরে অভিযান পরিচালনা করে।
এ সময় এনামুলের হোটেল তল্লাশী করে ৯ শ ৬৫ পিস ইয়াবাসহ নগত ৩ হাজার টাকা ও ২ টি ইয়াবা ব্যবসার সাথে ব্যবহৃত ২ টি মোবাইল ফোন উদ্ধার করে।

দামুড়হুদায় নিষেধাজ্ঞা অমান্য করেই চলছে কাঠ দিয়ে ইট পোড়ানো মহাউৎসব

দামুড়হুদায় নিষেধাজ্ঞা অমান্য করেই চলেছে নিউ বোস বিক্সস সহ বিভিন্ন ভাঁটাতে চলছে কাঠ দিয়ে ইট পোড়ানোর উৎসব। উপজেলা সদরে ফসিল জমি ধ্বংস করে গড়ে তুলেছেন ইটের অবৈধ ভাঁটা। উপজেলাতে প্রায় ভাটাতেই জ্বালানি হিসেবে ব্যবহার করা হচ্ছে হাজার হাজার মন কাঠ। ফলে উজার হচ্ছেন মূল্যবান সব গাছ। উপজেলাতে প্রায় দুই মাস আগে পরিবেশ অধিদপ্তর বিভিন্ন ইটের ভাটাতে জরিমানা করার পরও থেমে নেই

ভাটা গুলোর অবৈধ ভাবে ইট তৈরি করার কার্যক্রম।

এছাড়াও প্রায় ভাটাতে ইটের মাফ সঠিক না হওয়ার জন্য জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ আইনেও করা হয় জরিমানা। ইটের ভাটাতে জরিমানা আদায় করার পর জরিমানার অর্থ পুষিয়ে নিতে সকল ইটের ভাটাতেই বাড়ানো হয়েছে ইটের দাম।
সরোজমিনে, উপজেলা সদরের নিউ বোস বিক্সসে গিয়ে দেখা যায়, হাজার হাজার মন বিভিন্ন প্রজাতির গাছের কাঠের লাট দিয়ে ইটের পাশ ঘেঁষে লুকিয়ে রাখা রয়েছে। ভাটাতে ডুকছে অবৈধ পাট্টিলার করে গাড়ি গাড়ি মূল্যবান সব কাছের কাঠ।

স্থানীয়দের অভিযোগ, উপজেলার প্রায় সকল ইট ভাটা স্থাপনা করা হয়েছে সম্পুর্ন অবৈধভাবে। উপজেলাতে ফসিল জমি কেটে প্রকাশ্য দিবালকে ট্রাক্টর সহ বিভিন্ন যানবাহনে করে মাটি কেটে নিয়ে যাচ্ছে প্রতিনিয়ত। তাছাড়া ইট ভাটার ধোঁয়ায় চারদিকের পরিবেশে হচ্ছে মারাত্মক ভাবে দূষিত।
কয়লা দিয়ে এসব ইটভাটা গুলোতে ইট পোড়ানোর কথা থাকলেও ভাটা মালিকরা খরচ সাশ্রয়ের জন্য সরকারী নিয়ম নীতির তোয়াক্কা না করে নির্ভয়ে প্রকাশ্যেই এসব ইট ভাটায় পোড়ানো হচ্ছে শিশু কাছ।

আর্থিক সংকটের কারণে অনেকটাই অসহায় হয়ে বাগান মালিক সহ বাসা- বাড়িতে লাগানো সখের বিভিন্ন ফলের গাছও কেটে বিক্রয় করছেন অবৈধ ইট ভাটাগুলোতে।ফলে উজার হচ্ছেন ফলজ ও বনজ সম্পদ।

সচেতন মহল বলছেন, ফসিল জমি ঘিরে সরকারি নিয়মনীতি লঙ্ঘন করে ইটের ভাঁটায় ইট তৈরি করা হচ্ছে। অনেকেই নেই কোনো বৈধ লাইসেন্স।
ইট ভাটার কাছাকাছি বাচ্চাদের কয়েকটি স্কুল,শিশু মাদ্রাসা এবং কলেজ রয়েছে। বিশেষ করে শিশু শিক্ষার্থীরা এই ইটের ভাটার ধোঁয়ায় মারাত্মক স্বাস্থ্য ঝুঁকিতে পড়ে থাকেন। এসব ইটের ভাটার কারণে পার্শ্ববর্তী অনেক জমিতেই এখন আর ফসল আগের মতো হয়না।

পরিবেশের জন্য ক্ষতিকারক এসব কর্মকাণ্ডের সঙ্গে জড়িতরা বেশিরভাগই প্রভাবশালী হওয়ায় অনেকটা দেখেও না দেখার ভান করছেন কতৃপক্ষ। স্থানীয়রা প্রশাসনকে এ বিষয়ে এগিয়ে আসার আহ্বান জানান তিনি।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান বলেন, কাঠ দিয়ে ইট না পোড়ানোর জন্য ইতিমধ্যেই জেলা প্রশাসক স্যার সকল ইটভাটা মালিকদের সঙ্গে বসে নিষেধ করেছেন। আমিও গতকাল দামুড়হুদা ইটভাটা মালিকদের সঙ্গে বসে নিষেধ করেছি।

এর পরও যদি কোন ভাটা মালিক নির্দেশনা উপেক্ষা করে অবৈধভাবে ইট পোড়ান সে সকল ভাটা মালিকদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থাগ্রহণ করা হবে। উপজেলা প্রশাসনের পক্ষ থেকে ভ্রাম্যমাণ অভিযান চলমান থাকবে।

বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে বিনামূল্যে চক্ষু শিবিরের ব্রিফিং

মেহেরপুরে ১৭ ই মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে বিনামূল্যে চক্ষু শিবিরের ব্রিফিং অনুষ্টান অনুষ্টিত হয়েছে।
গতকাল সোমবার সন্ধ্যায় মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের বাসভবনে মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন প্রেস ব্রিফিংয়ের মাধ্যমে বিষয়টি জানান।

এসময় তিনি বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে সকাল ৮ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত মেহেরপুর কবি নজরুল শিক্ষা মঞ্জিলে বিনামূল্যে চক্ষু শিবিরে আয়োজন করা হয়েছে।

এসময় বেগম ফজিলাতুন্নেছা মুজিব চক্ষু ইনস্টিটিউটের পরিচালক ডা. আবু সাইফু উদ্দিন, সহকারী পরিচালক আব্দুল্লাহেল আজম, ডা.আরিফুল হাকিমসহ ১০ জন চিকিৎসক রোগীদের চিকিৎসা করবেন এবং চোখে ছানি পড়া রোগীদের বিনামূল্যে অপারেশন করা হবে বলে জানিয়েছেন তিনি।

এসময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক সরফরাজ হোসেন মৃদুল, সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি আদিব হসেন আসিফ, সাধারণ সম্পাদক কুতুবউদ্দিন, যুবলীগ নেতা মিজানুর রহমান হিরণ সহ আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের

মেহেরপুর জেলার শ্রেষ্ঠ ইমাম হলেন সুবিদপুর মোল্লাপাড়া জামে মসজিদের ইমাম-সাজেদুর রহমান

মেহেরপুর জেলা ইসলামিক ফাউন্ডেশন এর উদ্যোগে মেহেরপুর জেলার ৩ জন শ্রেষ্ঠ ইমামের নাম ঘোষণা করা হয়েছে।

গতকাল সোমবার দুপুরে ইসলামিক ফাউন্ডেশন মিলনায়তনে ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক কে এম শাহীন কবীর জেলার ৩ জন শ্রেষ্ঠ ইমামদের নাম ঘোষণা করেন।
এতে মেহেরপুর সদর উপজেলার কোলা গ্রামের কাজী মোহাম্মদ আলীর ছেলে ও সুবিদপুর মোল্লাা পাড়া জামে মসজিদের ইমাম সাজেদুর রহমান প্রথম, নয়া হাঁপানিয়া গ্রামের রমজান আলীর ছেলে গাংনী উপজেলা জামে মসজিদের ইমাম ইলিয়াস হোসেন দ্বিতীয় এবং তেতুলবাড়িয়া গ্রামের মোহাম্মদ আলীর ছেলে পলাশীপাড়া জামে মসজিদের ইমাম সোহেল রানা ৩য় হিসাবে নাম ঘোষণা করা হয়।

কোটচাঁদপুরে বিশ্ব ভোক্তা দিবস পালিত

“মুজিব বর্ষে শপথ করি, প্লাস্টিক দূষণ রোধ করি” এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে বিশ্ব ভোক্তা দিবস পালিত হয়েছে।

দিবসটি উদযাপন উপলক্ষে গতকাল সোমবার বেলা ১২ টার দিকে উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ মিলনায়তনে নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা আ.লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি। সভায় ভোক্তা অধিকার নিশ্চিতে দ্রব্য মূল্য নিয়ন্ত্রণ ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের উপর আলোচনা করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা কৃষি অফিসার মহাসিন আলী, সিনিয়ির মৎস্য অফিসার সঞ্জয় কুমার, ইউপি চেয়ারম্যান নওশের আলী নাসির, আব্দুল মতিন, পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডল সহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, সাংবাদিক এসএম রায়হান উদ্দীন, ঔষধ ব্যবসায়ী সমিতির সভাপতি সোহরাব হোসেন, সাধারণ সম্পাদক সহ হোটেল রেস্তোরা ব্যবসায়ী বৃন্দ।

মেহেরপুর ডিসি অফিসের ছাদ যেন একখন্ড কৃষি জমি

এম এফ রুপক:

অল্প সম্পদের যথাযথ ব্যবহার দারিদ্র বিমোচনের অন্যতম হাতিয়ার হতে পারে। মেটানো সম্ভব ফলমূল, শাক-সবজির চাহিদাও। এ লক্ষ্যে পরিত্যক্ত সব জমি কাজে লাগানোর পাশাপাশি ছাদেও সবুজের সমারোহ গড়ে উঠছে। শহরে খালি জায়গা না থাকায় ছাদকে কাজে লাগানোর প্রতি জোর দেয়া হচ্ছে। আর ছাদ কৃষির সফলতা নিয়ে স্বপ্ন দেখছেন মেহেরপুরের জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান।

নিজ উদ্যোগে জেলা প্রশাসকের কার্যালয়ের ২য় তলার ছাদকে পরিণত

করেছেন একখন্ড কৃষি জমিতে। গড়ে তুলেছেন দৃষ্টিনন্দন বাগান। এ যেন একখন্ড কৃষি জমি। শুধু নিজের কার্যালয় নয়, উদ্বুদ্ধ করছেন অন্যান্য সরকারি অফিসের কর্মকর্তাদেরও। শুধু নিজে নয়, স্বপ্ন দেখাচ্ছেন অন্যদেরও।
সরেজমিন ঘুরে দেখা যায়, মেহেরপুর জেলা প্রশাসক কার্যালয়ের ছাদ দেশিও ফল, ফুল দেশী ও বিদেশী সবজি গাছে সয়লাব। এখানে আম, কমলা, মাল্টা, আমড়া, কামরাঙ্গা, বিভিন্ন ওষধি থেকে শুরু করে বিদেশী গোলাপ জাম, পার্সিমন, তিন, আঙ্গুর, এভোকাডো, স্ট্রবেরি, পেয়ারা, চাইনিজ পেয়ারা, মালবেরি, ব্লুবেরি, ড্রাগন ফল, লটকনসহ প্রায় দেড়শ প্রজাতির ফল আর সবজি শোভা পাচ্ছে।

ছাদ কৃষিতে মানুষকে উদ্বুদ্ধ করতে এ উদ্যোগ নেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান। অন্যান্য সরকারি অফিসের ছাদেও যেন কৃষিকাজ করা হয় সেজন্য উদ্বুদ্ধ করছেন জেলা প্রশাসক। কম সম্পদের যথোপযুক্ত ব্যবহারের লক্ষ্যে সরকারি অফিসের পাশাপাশি বেসরকারি অফিস ও বিভিন্ন বাসার ছাদেও কৃষিকাজ করার জন্য উদ্বুদ্ধ করছেন তিনি।
জেলা প্রশাসকের কার্যালয়ের সহাকারী কমিশনার নাহিদ হাসান জানান, দুইটি বিল্ডিংএর প্রায় ২৭ শতক ছাদের জায়গা জুড়ে করা হয়েছে ছাদ বাগান। ছাদের ওপর সারিবদ্ধভাবে জিও প্যাকেটে মাটি ভরাট করে প্রতিটি প্যাকেটে একটি করে দেশি, বিদেশি ফলদ, ওষধি, সবজি, মসলা জাতীয় গাছ রয়েছে।

জেলা প্রশাসকের এ ধরনের উদ্যোগকে সাধুবাদ জানিয়ে মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু বলেন, জেলা প্রশাসকের এ কাজের অনুকরণ করে সরকারি বেসরকারি অফিসগুলোসহ বাসাবাড়িতেও গড়ে তোলা যেতে পারে ছাদ বাগান।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান জানান, কম সম্পদের যথোপযুক্ত ব্যবহার নিশ্চিত করতেই মূলত ছাদ বাগানের স্বপ্ন দেখতে শুরু করেন।
তিনি বলেন, শহরে মানুষের জায়গা কম। অধিকাংশ মানুষই পুরো জায়গা নিয়ে বাড়ি নির্মাণ করেন। তাই ছাদ বাগানের প্রতি মানুষকে উদ্বুদ্ধ করা হচ্ছে। যদি কেউ ছাদ বাগান করতে গিয়ে সহযোগিতা চান তবে সরকারিভাবে তাদের সহযোগিতা করা হবে। ছাদ বাগানের ফলে সবকিছু আর কেনার ওপর নির্ভর করতে হবে না। সবজি, ফলমূল নিজেরা ফলিয়েই ভোগ করা সম্ভব।

এছাড়াও নিজেদের আত্মতৃপ্তি পাওয়া যায় ছাদ বাগানে সময় কাটিয়ে। সহকর্মীদের নিয়ে সময় পেলে ছাদ বাগানে বসে চায়ের আড্ডাও দেওয়া হয়।

কুষ্টিয়ায় জমি সংক্রান্ত বিরোধের জের, ব্যবসায়ীকে কুপিয়ে হত্যা

কুষ্টিয়ার মিরপুরে জমি সংক্রান্ত বিরোধের জের ধরে সিদ্দিক আলী মন্ডল (৪৫) নামের এক সবজি ব্যবসায়ীকে হত্যা করেছে।

কয়েকজন প্রতিবেশীর বিরুদ্ধে এ হত্যার অভিযোগ ওঠে।

সোমবার সন্ধ্যায় মিরপুর উপজেলার চিথলিয়া ইউনিয়নের পাহাড়পুর-লক্ষিপুর প্রি-ক্যাডেট স্কুলের সন্নিকটে এ ঘটনা ঘটে।

নিহত সিদ্দিক আলী মন্ডল ওই এলাকার মৃত ফেরত আলী মন্ডলের ছেলে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, বিকেলে বাড়ির জমি জমা সংক্রান্ত বিরোধে বাকবিতণ্ডা হয় প্রতিবেশী পাড়ারপুর লক্ষিপুর মাধ্যমিক বিদ্যালয় পাড়ার মৃত বিল্লাল হোসেনের ছেলে গফুর, সালাউদ্দিন, জলিল ও খলিলের সাথে। বাকবিতন্ডার এক পর্যায়ে তারা দেশীয় ধারালো অস্ত্র (রামদা) দিয়ে কুপিয়ে জখম করে সিদ্দিক আলী মন্ডলকে।

গুরুতর জখম অবস্থায় স্থানীয়রা তাকে উদ্ধার করে মিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গোলাম মোস্তফা ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।